# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৮০০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮০১]

পর্ব-১০: ইমামাত প্রসঙ্গ (كِتَابُ الْإِمَامَةِ)

পরিচ্ছেদঃ ১৮: তিনজন মুসল্লী হলে ইমামের স্থান এবং এ ব্যাপারে মতপার্থক্য

موقف الإمام إذا كانوا ثلاثة والاختلاف في ذلك

---

আরবী

أَخْبَرَنَا عَبْدَةُ بْنُ عَبْدِ اللَّهِ، قال: حَدَّثَنَا زَيْدُ بْنُ الْحُبَابِ، قال: حَدَّثَنَا أَفْلَحُ بْنُ سَعِيدٍ، قال: حَدَّثَنَا بُرَيْدَةُ بْنُ سُفْيَانَ بْنِ فَرْوَةَ الْأَسْلَمِيُّ، عَنْ غُلَامٍ لِجَدِّهِ يُقَالُ لَهُ مَسْعُودٌ، فَقَالَ: مَرَّ بِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَبُو بَكْرٍ، فَقَالَ لِي: أَبُو بَكْرٍ يَا مَسْعُودُ ائْتِ أَبَا تَمِيمٍ يَعْنِي مَوْلَاهُ فَقُلْ لَهُ يَحْمِلُنَا عَلَى بَعِيرٍ وَيَبْعَثْ إِلَيْنَا بِزَادٍ وَدَلِيلٍ يَدُلُّنَا فَجِئْتُ إِلَى مَوْلَايَ فَأَخْبَرْتُهُ فَبَعَثَ مَعِي بِبَعِيرٍ وَوَطْبٍ مِنْ لَبَنٍ فَجَعَلْتُ آخُذُ بِهِمْ فِي إِخْفَاءِ الطَّرِيقِ وَحَضَرَتِ الصَّلَاةُ فَقَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي وَقَامَ أَبُو بَكْرٍ عَنْ يَمِينِهِ وَقَدْ عَرَفْتُ الْإِسْلَامَ وَأَنَا مَعَهُمَا فَجِئْتُ فَقُمْتُ خَلْفَهُمَا فَدَفَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي صَدْرِ أَبِي بَكْرٍ فَقُمْنَا خَلْفَهُ . قَالَ أَبُو عَبْد الرَّحْمَنِ: بُرَيْدَةُ هَذَا لَيْسَ بِالْقَوِيِّ فِي الْحَدِيثِ.

تخريج دارالدعوه: تفرد به النسائي، (تحفة الأشراف: ١١٢٦٣) (ضعيف) (اس کا راوی ”بریدہ بن سفیان “ ضعیف ہے، اور رافضی شیعہ ہے)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 801 - ضعيف الإسناد

বাংলা

৮০০. ’আবদাহ ইবনু আবদুল্লাহ (রহ.) ..... বুরয়দাহ্ ইবনু সুফইয়ান ইবনু ফারওয়াতুল আসালামী (রহ.) তাঁর দাদার এক গোলাম হতে বর্ণনা করেন। যার নাম ছিল মাস’উদ। তিনি বলেন, আমার কাছে রাসূলুল্লাহ (সা.) এবং আবূ বকর (রাঃ) আসলেন আবূ বকর (রাঃ) আমাকে বললেন, হে মাস’উদ! আবূ তামীর-এর কাছে যাও অর্থাৎ

তার মনিব-এর কাছে এবং তাকে বল, সে যেন আমাদের জন্যে উটের সওয়ারীর ব্যবস্থা করে, আমাদের জন্যে কিছু সামান ও একজন পথপ্রদর্শক পাঠায় যে আমাদের পথ দেখাবে। আমি আমার মালিকের কাছে গিয়ে এ খবর দিলাম। অতঃপর তিনি আমার সঙ্গে একটি উট, এক মশক দুধ পাঠিয়ে দিলেন। আমি তাদের নিরিবিলি স্থানে নিয়ে গেলাম। এমন সময় সালাতের ওয়াক্ত হলো রাসূলুল্লাহ (সা.) সালাতে দাঁড়ালেন আর আবূ বকর (রাঃ) তার ডান দিকে দাঁড়ালেন। আমি ইসলাম সম্পর্কে জানতাম। আমিও তাদের সঙ্গে সালাতে শরীক হলাম। অতএব, আমি তাদের পেছনে দাঁড়ালাম। রাসূলুল্লাহ (সা.) আবূ বকর (রাঃ)-এর বুকে ধাক্কা দিয়ে পিছনে ঠেলে দিলে আমরা দু’জনই তাঁর পিছে দাঁড়ালাম। আবূ আবদুর রহমান (ইমাম নাসায়ী) বলেন, এ বুরয়দাহ্ হাদীস বর্ণনায় নির্ভরযোগ্য নন।

## English

18. Where The Imam Should Stand When There Are Three, And The Discrepancy Regarding That

Buraidah bin Sufyin bin Farwah Al-Aslami narrated that a slave of his grandfather who was called Mas'Od said: The Messenger of Allah (ﷺ) and Abu Bakr passed by me and Abu Bakr said to me: '0 Mas'ud, go to Abu Tamim' - meaning the man from whom he had been freed - 'and tell him to give us a camel so that we could ride, and let him send us some food and a guide to show us the way.' So I went to my former master and told him the same, and he sent with me a camel and vessels of milk, and I brought them via a secret route. Then the time for prayer came and the Messenger of Allah (ﷺ) stood up and prayed, and Abu Bakr stood to his right. I had come to know about Islam and I was with them, so I came and stood behind them. So the Messenger of Allah (ﷺ) pushed Abu Bakr on the chest (to make him move backward) and we stood behind him. Abu 'Abdur-Rahman (An-Nasai)said: (This) Buraidah is not a reliable narrator of Hadith.

### ফুটনোট

সনদ দুর্বল: নাসায়ী’র “সুনানুল কুবরা” ৮৭৫, সনদে বুরয়দাহ ইবনু সুফইয়ান “শক্তিশালী নয়”।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87174

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন